

তারিখ: ... ..  
পৃষ্ঠা ২০২ নং ... ..

“বাংলাদেশের ইতিহাস” গ্রন্থটি সম্পাদনাকালে নিয়োজিত গবেষকরা বাংলাদেশের উপর রেফারেন্স ওয়ার্কের দারুণ অভাব বোধ করলেন। ছোট ছোট অনেক কাছের জন্যও তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীতে বড় বড় বই নিয়ে ঘন্টার পর ঘন্টা কাটাতে হচ্ছিল। বাংলা ও ইংরেজীতে তিন খণ্ডে বাংলাদেশের ইতিহাস গ্রন্থটি নিয়ে কাজ করার সময়ে সকলে মর্মে মর্মে উপলব্ধি করলেন যে বাংলাদেশের উপর ভেদন নির্ভরযোগ্য কোন তথ্যসূত্র থাকলে অনেক কাজই কত সহজে করা যেত। ঠিক তখনই সিদ্ধান্ত নেয়া হয় এশিয়াটিক সোসাইটি বাংলাদেশের ইতিহাস গ্রন্থ নিয়ে কাজ শেষে তাদের পরবর্তী যে বড় ধরনের প্রজেক্টে হাত দিবে তা হলো বাংলাদেশের জাতীয় গ্রন্থ কোষ বা এনসাইক্লোপিডিয়া তৈরি। আর এভাবেই শুরু হলো বাংলাপিডিয়ার হাতে ঝড়ি। এখানে একটি কথা না বললেই নয় যে জাতীয় কোষ গ্রন্থ বা বিশাল আকারে এইরূপ এনসাইক্লোপিডিয়া তৈরির কাজের নজির সারা দক্ষিণ এশিয়ার কোন দেশেই নেই।

বাংলাপিডিয়া কি? ল্যাটিন শব্দ হতে ধার করা পিডিয়া অর্থ হলো জ্ঞান। আর বাংলা পিডিয়া হলো বাংলাদেশ সম্পর্কিত যাবতীয় জ্ঞান। এতে সুদূর প্রাচীনকাল থেকে বর্তমান পর্যন্ত বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, ধর্ম দর্শন, সমাজ, অর্থনীতি সংস্কৃতি, রাষ্ট্র ও সরকার, ঘটনা, আন্দোলন, কৃষি, শিল্প, বাণিজ্য, সাহিত্য, কলা, ব্যক্তিত্ব, বিজ্ঞান ইত্যাদি দশ হাজার বিষয় ভিত্তিক প্রবন্ধ অন্তর্ভুক্ত করা হবে। এক কথায় বাংলাদেশ বিষয়ক সমগ্র জ্ঞান, বিজ্ঞান, চিন্তা ও ঘটনাবলী নিয়েই হবে বাংলাপিডিয়া। বাংলা ও ইংরেজী উভয় ভাষায় দশ খণ্ডে বাংলাপিডিয়ার কাজ এখন শেষের পথে। এর সাথে পাশাপাশি তৈরি হচ্ছে মাল্টিমিডিয়া সিডি যাতে সন্নিবেশিত করা হবে অসংখ্য ফটোফিচার ও ভিডিও প্রতিবেদন সহকারে বাংলাপিডিয়ার

সমস্ত প্রবন্ধ। বাংলাপিডিয়া তৈরির মূল উদ্যোগটি নিয়েছিল বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি। পরবর্তীতে বাংলাদেশ সরকারও এই মহৎ উদ্যোগটিকে সমর্থন করার জন্য এগিয়ে আসে। “ন্যাশনাল এনসাইক্লোপিডিয়া অব বাংলাদেশ প্রজেক্ট” নামে ১৯৯৮ সাল থেকে ২০০২ এর ডিসেম্বর পর্যন্ত পাঁচ বছর মেয়াদী এই প্রকল্পের জন্য মোট খরচ ধরা হয়েছে ৮.০৭ কোটি টাকা। এই বিশাল অর্ধের ৭৪% যোগানদাতাই হচ্ছে বাংলাদেশ সরকার। অবশিষ্ট অর্থ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির নিজস্ব তহবিল, বিভিন্ন বিশ্ববিদ্যালয়,

যাচ্ছে। এ প্রসঙ্গে প্রফেসর সিরাজুল ইসলাম আমাদের জানান, যেকোন আন্তর্জাতিক মানের এনসাইক্লোপিডিয়ারই একটি মাল্টিমিডিয়া সংস্করণ থাকে, যাতে গ্রন্থ সংস্করণটিকেই আরো ইন্টারঅ্যাক্টিভ ভাবে উপস্থাপন করা হয়। বাংলাপিডিয়াতেও থাকবে প্রতিটি বিষয়ের সাথে সম্পর্কযুক্ত অডিও এবং ভিডিও রিপ্রেজেন্টেশন যাতে করে যেকোন বিষয়ের উপর আরো পরিষ্কার ধারণা পাওয়া যাবে। বাউল গান সম্পর্কিত কোন প্রবন্ধের সাথে যদি একজন বাউল এর ভিডিও ক্লিপ জুড়ে দেয়া যায় তাতে করে যে কোন বিদেশিও বাউল কেমন হয়, তার পোশাক আধারক বা তার গানের ভঙ্গি কেমন হবে তা সহজেই বুঝতে পারবেন। তারচেয়েও বড় কথা একটি বা দুটি সিডির মাধ্যমে

আসছে দেশীয় মাল্টিমিডিয়া বিশ্বকোষ

# বাংলাপিডিয়া

বেসরকারী সংস্থা, ইউনেস্কো এবং আরো অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠানের আর্থিক সহযোগিতায় যোগান হচ্ছে। বাংলাপিডিয়া প্রকল্পের প্রজেক্ট ডিরেকটর ও এডিটর হিসেবে দায়িত্ব রয়েছেন প্রখ্যাত ইতিহাসবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন চেয়ারম্যান ও বৃটিশ রয়েল হিস্টোরিক্যাল সোসাইটির ফেলো প্রফেসর সিরাজুল ইসলাম। তিনি এই প্রকল্প সম্পর্কে তথ্য প্রযুক্তি পাতাকে জানান, প্রকল্পটির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয় ১৯৯৮ সালের জানুয়ারী মাসে এবং এর মধ্যেই শুধুমাত্র এনসাইক্লোপিডিয়ার ছাপানোর কাজ ছাড়া প্রায় সব কাজই সম্পন্ন হয়েছে। আশা করা হচ্ছে আগামী ২০০৩ সালের ৩ জানুয়ারী আনুষ্ঠানিকভাবে সবার হাতে তুলে দেয়া সম্ভব হবে বাংলাপিডিয়া। পুস্তক আকারে বাংলাপিডিয়া প্রকাশের পাশাপাশি দ্রুততায় এগিয়ে চলছে বাংলাপিডিয়ার মাল্টিমিডিয়া সংস্করণের কাজও। মাল্টিমিডিয়া সংস্করণের কাজে প্রফেসর জামিলুর রেজা চৌধুরীর নেতৃত্বে ১২ সদস্যের একদল বিশেষজ্ঞ দল নিরন্তর কাজ করে

ছয়শ পৃষ্ঠা করে মোট দশ খণ্ডের বাংলাপিডিয়াকে সুলভমূল্যে তুলে দেয়া সম্ভব হবে একজন সাধারণ মানুষের হাতে। বাংলাপিডিয়ার আসল চেহারা কেমন হবে সে সম্পর্কে সন্ধ্যা সন্ধ্যাহকদের ধারণা দেয়ার জন্য বাংলাপিডিয়ার একটি মডেল সংস্করণ মিনি বাংলাপিডিয়া গত ৩১ জানুয়ারী এশিয়াটিক সোসাইটির নবম বার্ষিক সাধারণ সভায় উন্মোচন করা হয়। রত্নিন আলোক চিত্রসহ অফসেট কাগজে ছাপা ও রেশমি বান্ধাই করা মডেল গ্রন্থটির দাম রাখা হয়েছে ১০০ টাকা। বাংলাপিডিয়ার কাজ সম্পন্ন হলে তা বাংলাদেশের তথ্যপ্রযুক্তি অঙ্গনে হবে এক বিশালপ্রাপ্তি। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গবেষনার পাশাপাশি সর্বস্তরের মানুষের জন্য হয়ে উঠবে একটি বিশাল তথ্যের ভান্ডার। বাংলাপিডিয়া সম্পর্কে আরো কিছু জানতে চাইলে [www.banglapedia-bd.org](http://www.banglapedia-bd.org) এর ওয়েবসাইট হতে ঘুরে আসুন।

□ ফয়সাল তানভীর  
□ জাহাঙ্গীর আদম জুয়েল